## পশ্চিমবঙ্গ সরকার
## শিশু বিকাশ প্রকল্প আধিকারিকের করণ
## বসিরহাট আরবান সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্প
## উত্তর ২৪ পরগনা

**Memo No- 82/ICDS/Bhat- U** **Date- 11/06/2018**

# বিজ্ঞপ্তি

বসিরহাট আরবান সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্পের অঙ্গনওয়ারী কেন্দ্রগুলির জন্য কিছু সংখ্যক অঙ্গণওয়াড়ী কর্মী ও সহায়িকা পদের নিয়োগেরজন্য কেবলমাত্র মহিলা প্রার্থীদের নিকট হইতে আবেদনপত্র আহ্বান করা হইতেছে। এই নিযুক্তি সম্পূর্ণ স্বেচ্ছাসেবা মূলক এবং অস্থায়ী । এই কাজে নিযুক্ত অঙ্গনওয়াড়ী কর্মী/সহায়িকা কখনই সরকারী কর্মী রূপে গন্য হইবে না।

| | | অঙ্গনওয়াড়ী কর্মী | অঙ্গনওয়াড়ী সহায়িকা |
|---|---|---|---|
| ০১ | শূন্যপদ | সম্ভাব্য শূন্যপদ | সম্ভাব্য শূন্যপদ |
| ০২ | সংরক্ষন নীতি অনুসারে শূন্যপদ | সাধারন ঃ- ০১<br>তপশীলি উপজাতি ঃ- ০১ | সাধারন ঃ- ০২<br>তপশীলি উপজাতি ঃ- ০১<br><br>**ওয়ার্ড নং** — সাধারন — তপশীলি উপজাতি<br>০৬ — ** — ০১<br>০৭ — ০১ — **<br>১২ — ০১ — ** |
| ০৩ | নূন্যতম শিক্ষাগত যোগ্যতা ১১.০৬.২০১৮ | অনুমোদিত বোর্ড হইতে মাধ্যমিক বা সমতুল্য পাশ। উচ্চতর শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে কোনো বাধানিষেধ নেই | অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণী পাশ। উচ্চতর শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে কোনো বাধানিষেধ নেই |
| ০৪ | বয়স ১১.০৬.২০১৮ তারিখ | ১৮ থেকে ৪৫ বছর | ১৮ থেকে ৪৫ বছর |
| ০৫ | অবসর গ্রহণের বয়স | ৬৫ বছর | ৬৫ বছর |
| ০৬ | কার্যক্ষেত্র ও নিযুক্তি তালিকা | প্রকল্প অঞ্চল ভিত্তিক | ওয়ার্ড-এর অঞ্চল ভিত্তিক |
| ০৭ | সাম্মানিক ভাতা প্রতি মাসে | বর্ত্তমানে ৩০০০ (তিন হাজার ) টাকা তৎসহ ১৮৫০ (এক হাজার আটশত পঞ্চাশ) টাকা। | বর্ত্তমানে ১৫০০ (এক হাজার পাঁচশত ) টাকা । তৎসহ ১৮৫০ (এক হাজার আটশত পঞ্চাশ) টাকা। |

| | | | |
|---|---|---|---|
| ০৮ | কাজের পরিধি | (১) গ্রামাঞ্চলে বা শহরে মোটামুটি কম বেশী ১০০০ জনসংখ্যা পিছু একটি কেন্দ্রে, সেটা কোনো ক্লাবের মধ্যে বা কোনো ব্যক্তিগত গৃহে বা নিজস্ব কেন্দ্রগৃহে একটি স্থানের মাধ্যমে এই অঙ্গনওয়াড়ী কেন্দ্রের কাজ করতে হয়।<br>(২) এলাকার প্রসুতি মা, গর্ভবতী মা, ০-৬ বছর পর্যন্ত শিশুদের প্রাক-প্রাথমিক শিক্ষা পরিপূরক পুষ্টি, প্রতিষেধকের ব্যবস্থা, মাতৃসভা ইত্যাদি পরিষেবা দিতে হবে।<br>(৩) কেন্দ্রের কাজ দৈনিক ৪ ঘন্টা এবং সোম থেকে শনিবার প্রতি সপ্তাহ।<br>(৪) কেন্দ্রে রোজ রান্নাকরা খাবার শিশুদের এবং মায়েদের দেওয়ার ব্যবস্থা করতে হয়।<br>(৫) একজন সহায়িকা এ কাজের জন্য অংকর্মীকে সাহায্য করেন।<br>(৬) সহায়িকার অনুপস্থিতিতে কেন্দ্রে রান্না/খাবার পরিবেশন ব্যবস্থা/রান্নার বাসন কোসন ধুয়ে মুছে রাখার ব্যবস্থাও করতে হয়।<br>(৭) অঙ্গনওয়াড়ী কেন্দ্রের নিজস্ব কাজ ছাড়াও নানা ধরনের সব কাজ যেমন নির্বাচন সংক্রান্ত, পালসপোলিও, জনগননার কাজ ইত্যাদিও করতে হয়। | (১) গ্রামাঞ্চলে বা শহরে মোটামুটিকম বেশী ১০০০ জনসংখ্যা পিছু একটি কেন্দ্রে, সেটা কোনো ক্লাবের মধ্যে বা কোনো ব্যক্তিগত গৃহে বা নিজস্ব কেন্দ্রগৃহে একটি স্থানের মাধ্যমে এই অঙ্গনওয়াড়ী কেন্দ্রের কাজ করতে হয়।<br>(২) এলাকার প্রসুতি মা, গর্ভবতী মা, ০-৬ বছর পর্যন্ত শিশুদের প্রাক-প্রাথমিক শিক্ষা পরিপূরক পুষ্টি, প্রতিষেধকের ব্যবস্থা, মাতৃসভা ইত্যাদি পরিষেবা দিতে হবে।<br>(৩) কেন্দ্রের কাজ দৈনিক ৪ ঘন্টা এবং সোম থেকে শনিবার প্রতি সপ্তাহ।<br>(৪) কেন্দ্রে রোজ রান্নাকরা খাবার শিশুদের এবং মায়েদের দেওয়ার ব্যবস্থা করতে হয়। কেন্দ্রের রান্নাকরা খাবার পরিবেশন করা, বাসন কোসন ধোওয়া মোছা, কেন্দ্র পরিস্কার পরিচ্ছন্ন রাখার সব দায়িত্ব সহায়িকার।<br>(৫) অঙ্গনওয়াড়ী কর্মীর অনুপস্থিতীতে সহায়িকাকে কর্মীর অন্যান্য কাজও করতে হয়।<br>(৬) শিশু আলয় পরিচালনায় কর্মীকে সহযোগিতা করা |
| ৯ | প্রশিক্ষন | নিয়মানুযায়ী প্রতিটি প্রশিক্ষন নেওয়া বাধ্যতামূলক | নিয়মানুযায়ী প্রতিটি প্রশিক্ষন নেওয়া বাধ্যতামূলক |
| ১০ | বাসিন্দা | প্রকল্প অঞ্চলের স্থায়ি বাসিন্দা হইতে হইবে। | যে ওয়ার্ড-এ শূন্যপদ সেই ওয়ার্ড-এর স্থায়ী বাসিন্দা হইতে হইবে।<br>(প্রার্থীকে কেবলমাত্র সংশ্লিষ্ট ওয়ার্ড-এর বাসিন্দা হতে হবে .উপরোক্ত যে সমস্ত ওয়ার্ড-এর ক্ষেত্রে যে সকল ক্যাটাগোরীর প্রার্থীর শূন্য পদ উল্লিখিত আছে, কেবলমাত্র ঐ সকল ওয়ার্ড-এর ঐ সকল ক্যাটাগোরীর প্রার্থীর আবেদন গ্রহন করা হবে। অন্য কোন প্রকার আবেদন গ্রহন করা হবে না ) |
| ১১ | পরীক্ষা পদ্ধতি ও পাঠ্যক্রম | লিখিত পরীক্ষা-৯০(নব্বই) নম্বর<br>১। মাতৃভাষায়১৫০ শব্দের রচনা (অষ্টম শ্রেণী মান) -১৫ নম্বর<br>২। পাটীগনিত (অষ্টম শ্রেণী মান) - ২০ নম্বর<br>৩। জনস্বাস্থ্য পুষ্টি ও নারীদের অবস্থান সম্পর্কিত বিষয় -১৫ নম্বর<br>৪। ইংরাজী ভাষা সমপর্কে সাধারন এবং প্রাথমিক জ্ঞান এবং ইংরাজীতে অনুবাদ ইত্যাদি - ২০ নম্বর।<br>৪। সাধারণ গ্ঞান সম্পর্কিত বিষয় - ২০ নম্বর<br>এছাড়া মৌখিক পরীক্ষা-১০ নম্বরের। | লিখিত পরীক্ষা-৯০(নব্বই) নম্বর<br>১। মাতৃভাষায়১৫০ শব্দের রচনা (অষ্টম শ্রেণী মান) -১৫ নম্বর<br>২। পাটীগনিত (অষ্টম শ্রেণী মান) - ২০ নম্বর<br>৩। জনস্বাস্থ্য পুষ্টি ও নারীদের অবস্থান সম্পর্কিত বিষয় -১৫ নম্বর<br>৪। ইংরাজী ভাষা সমপর্কে সাধারন এবগ প্রাথমিক জ্ঞান এবং ইংরাজীতে অনুবাদ ইত্যাদি - ২০ নম্বর।<br>৪। সাধারণ গ্ঞান সম্পর্কিত বিষয় - ২০ নম্বর<br>এছাড়া মৌখিক পরীক্ষা-১০ নম্বরের। |
| ১২ | দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ | ১৩/০৭/২০১৮ ( বিকেল ৩ টে পর্যন্ত ) | |

| | | |
|---|---|---|
| ১৩ | দরখাস্ত জমা দেওয়ার উপায় ও নিয়ম | বসিরহাট আরবান সুসংহত শিশু বিকাশ প্রকল্প আধিকারিকের করণে **১৮০৬.২০১৮ থেকে ১৩.০৭.২০১৮** তারিখ পর্যন্ত দুপুর **১২টা থেকে বিকাল ৩টা** পর্যন্ত যে কোন সরকরি কাজের দিনে প্রাথীর নাম, ঠিকানা, গ্রাম পঞ্চায়েতের নাম এবং পদের নাম খামের উপরে উল্লেখ করিয়া জমা দিতে হবে। কেবলমাত্র অফিস থেকে অথবা জেলা ওয়েবসাইটে দেওয়া নির্দিষ্ট নমুনা আবেদন পত্র অনুযায়ী আবেদন করতে হবে। |
| ১৪ | লিখিত পরীক্ষার প্রবেশ পত্র | লিখিত পরীক্ষার প্রবেশ পত্র যথাসময়ে সাধারন ডাক যোগে প্রেরণ করা হইবে। যে সমস্ত আবেদনকারিণী লিখিত পরীক্ষার প্রবেশ পত্র নির্দৃষ্ট তারিখের মধ্যে ডাকযোগে পাইবেন না কেবলমাত্র সেই সমস্ত প্রাথীকে বসিরহাট আরবান সুসংহত শিশু বিকাশ প্রকল্প আধিকারিকের করণ হতে উপযুক্ত প্রমাণের ভিত্তিতে বিকল্প প্রবেশ পত্র দেওয়া হইবে। এই প্রবেশ পত্র শুধুমাত্র আবেদনকারিনীকেই দেওয়া হইবে, অন্য কোন অনুমোদিত ব্যক্তিকে দেওয়া হইবে না। এই প্রবেশ পত্র ২৩/০৮/২০১৮ ও ২৪/০৮/২০১৮ তারিখ দুপুর **১২টা থেকে বিকাল ৩টা** পর্যন্ত বিতরণ করা হবে। |
| ১৫ | মৌখিক পরীক্ষার প্রবেশ পত্র | লিখিত পরীক্ষায় সফল পরীক্ষাথীণিকেই কেবলমাত্র ডাক যোগে মৌখিক পরীক্ষার প্রবেশপত্র প্রেরণ করা হইবে। লিখিত পরীক্ষায় সফল যে সমস্ত আবেদনকারিণী নির্দিষ্ট তারিখের মধ্যে ডাকযোগে মৌখিক পরীক্ষার প্রবেশ পত্র পাইবেন না, কেবলমাত্র সেই সমস্ত প্রাথীকে বসিরহাট আরবান সুসংহত শিশু বিকাশ প্রকল্প আধিকারিকের করণ হতে উপযুক্ত প্রমাণের ভিত্তিতে বিকল্প প্রবেশ পত্র দেওয়া হইবে। এই প্রবেশ পত্র শুধুমাত্র আবেদনকারিনীকেই দেওয়া হইবে, অন্য কোন অনুমোদিত ব্যক্তিকে দেওয়া হইবে না। এই প্রবেশ পত্র বিতরণের তারিখ ও সময় সংক্রান্ত বিঞ্জপ্তি পরে প্রকাশিত হবে। |
| ১৬ | আবেদন পত্রের নমুনা | আবেদন পত্রের নমুনা অনুযায়ী ফুলস্ক্যাপ সাদা কাগজে স্বহস্তে লিখিত, টাইপ করে বা ছাপানো এবং অবশ্যই স্বাক্ষরিত হতে হবে।অন্যথায় আবেদন পত্র বাতিল হতে পারে।কেবলমাত্র অফিস থেকে অথবা জেলা ওয়েবসাইটে দেওয়া নির্দিষ্ট নমুনা আবেদন পত্র অনুযায়ী আবেদন করতে হবে। |
| ১৭ | প্রত্যয়ন | আবেদন পত্রের সঙ্গে দেওয়া প্রমাণ পত্রের এবং শংসাপত্রের প্রতিলিপি স্বপ্রত্যায়িত হতে হবে ।<br><br>। |
| ১৮ | আবেদন পত্রের সঙ্গে দেওয়া প্রমাণ পত্রের এবং শংসাপত্রের প্রতিলিপি | ১। তিনটি স্বপ্রত্যয়িত সাম্প্রতিকতম পাসপোর্ট মাপের ছবি (দুটি প্রবেশপত্রে, অন্যটি দরখাস্তে)<br>২। বয়সের প্রমাণ (মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার প্রবেশপত্র/সংশাপত্র /জন্ম সংশাপত্র/বিদ্যালয় পরিত্যাগ শংসাপত্র)<br>৩। স্থায়ী বাসিন্দা-র প্রমাণপত্র ঃ সাংসদ/বিধায়ক/ডি..এম./এ.ডি.এম/এস.ডি.ও/পৌরসভার চেয়ারম্যান/কাউনসিলার কর্তৃক বিজ্ঞপ্তি প্রকাশের তারিখের পরের যে কোন তারিখে প্রদত্ত স্থায়ী বাসিন্দা-র শংসাপত্র<br>।<br>৪। শিক্ষাগত যোগ্যতার প্রমানপত্র।<br>৫। তপশীলি জাতি, তপশীলি উপজাতি ও অনগ্রসর জাতি শংসাপত্র (কেবলমাত্র সংশ্লিষ্ট সরকারী দপ্তর প্রদত্ত)।<br>৬। ভারতীয় নাগরিকত্ব-র প্রমানপত্র : ভোটার আই ডি/ ই পি আই সি (এপিক)<br>৭। নিজ নাম ও ঠিকানা (ওয়ার্ড নং, পোস্ট আফিস ও পিন নং সহ) লেখা ৫ (পাঁচ) টাকার ডাকটিকিট সাঁটা দুটি খাম |

## বিশেষ দ্রষ্টব্য ঃ-

১) এই নিয়োগ নারী ও শিশু উন্নয়ন এবং সমাজ কল্যাণ দপ্তরের আদেশ নামা যথাক্রমে ২৮৮- এস ডব্লিউ , তারিখ- ২৫/০১/২০০৬ , ৯৫৩০-এস ডব্লিউ , তারিখ- ০৯/১১/২০১২, ৬০০৩-এস ডব্লিউ , তারিখ- ১৪/০৯/২০১২, ৭২-এস ডব্লিউ , তারিখ- ০৪/০১/২০১৩, ১১০৪-এস ডব্লিউ ,তারিখ- ২১/০৩/২০১৩ এবং ৩১০৪-এস ডব্লিউ ,তারিখ- ১৯/০৯/২০১৩ এবং ৪০৩৯-এস. ডব্লউ/৩ এস-২২৫/০৫, তারিখ-২০/১২/২০১৩ এবং ৪০৪০-এস. ডব্লউ/৩ এস-২২৫/০৫, তারিখ-২০/১২/২০১৩ অনুযায়ী সম্পাদিত হবে।
২) এই নিযুক্তি সম্পর্কে বিশদ বিবরণ যে কোন কাজের দিন বেলা ১২টা হইতে ৩টা অবধি শিশু বিকাশ প্রকল্প আধিকারিকের করণে পাওয়া যাইবে।
৩) জন্ম তারিখ/শিক্ষাগত যোগ্যতা/অন্যান্য তথ্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের থেকে যাচাই করা হতে পারে।
৪) কোন তথ্য ভুল বা অসংগত দিলে, উপরোক্ত শর্ত লঙ্ঘন করলে আবেদন পত্র বাতিল বলে গণ্য হইবে ও এ বিষয়ে কোন কারণ দর্শানো হইবে না।
৫) শুধুমাত্র নির্ভূল আবেদন পত্রের ভিত্তিতেই পরীক্ষার প্রবেশপত্র পাওয়া যাইবে।
৬) আবেদন পত্রে কোন অস্বাক্ষরিত পরিবর্তন অসংগত বলে বিবেচিত হইবে।
৭) জমা আবেদন পত্রে কোনও পরিবর্তনের অনুরোধ বিবেচিত হইবে না।
৮) পদে নিযুক্তির পরে যদি জানা যায় কোন তথ্য ভুল বা অসংগত ছিল বা উপরোক্ত শর্ত লঙ্ঘন করেছিল তৎক্ষনাৎ সেই নিযুক্তি বাতিল হইবে।
৯) কোন পরীক্ষায় উপস্থিত হবার জন্য কোন গাড়ী ভাড়া বা রাহা খরচ পাওয়া যাবে না।

শিশু বিকাশ প্রকল্প আধিকারীক
বসিরহাট আরবান সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্প
উত্তর ২৪ পরগনা

Memo No- 82 /1(11)/ICDS/Bhat- U

Date- 11/06/2018

জ্ঞাতার্থে ও ব্যাপক প্রচারের উদ্দেশ্যে সংশ্লিষ্ট কার্য্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধ সহ অনুলিপি প্রেরণ করা হইল :-

১। যুগ্ম সচিব , নারী ও শিশু উন্নয়ন এবং সমাজ কল্যাণ বিভাগ , পশ্চিমবঙ্গ সরকার, বিকাশ ভবন, সল্টলেক, কোলকাতা
২। আই সি ডি এস অধিকর্তা , পশ্চিমবঙ্গ সরকার , শৈশালী ভবন, সল্টলেক, কোলকাতা
৩। মাননীয় জেলা শাসক, বারাসাত, উত্তর ২৪ পরগণা
৮। মাননীয় মহাকুমা শাসক, বসিরহাট উত্তর ২৪ পরগনা
৫। মাননীয় চেয়ারম্যান, বাসিরহাট পৌরসভা,উত্তর ২৪ পরগনা
৬। মাননীয় বিধায়ক, বসিরহাট দক্ষিন., উত্তর ২৪ পরগনা
৭। মাননীয় সি এম ও এইচ, বাসিরহাট, উত্তর ২৪ পরগনা
৮। মাননীয় জেলা প্রকল্প আধিকারিক (আই,সি,ডি,এস ),উত্তর ২৪ পরগনা
৯। মাননীয় ভারপ্রাপ্ত আধিকারিক, বসিরহাট থানা, উত্তর ২৪ পরগনা।
১০।মহাকুমা তথ্য ও সম্প্রচার আধিকারিক , বসিরহাট , সংবাদপত্রে প্রকাশের অনুরোধ সহ
১১। অফিস নোটিস বোর্ড।

শিশু বিকাশ প্রকল্প আধিকারীক
বসিরহাট আরবান সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্প
উত্তর ২৪ পরগনা

# আবেদন পত্র

| |
|---|
| নিজ নামে স্বাক্ষরিত<br>এক কপি পাসপোর্ট<br>মাপের ছবি |

রেজিষ্টার সিরিয়াল নং- ------------------------------ (অফিসের ব্যবহারের জন্য)

প্রতি
শিশু বিকাশ প্রকল্প আধিকারীক
বসিরহাট আরবান সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প , উত্তর ২৪ পরগনা

মহাশয় / মহাশয়া ,

আপনার করণ হইতে প্রকাশিত স্মারক সংখ্যা-- - **82/ICDS/Bhat- U** তারিখ- **11/06/2018** অনুযায়ী আমি বসিরহাট আরবান সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্পে অঙ্গণওয়াড়ী কর্মী / অঙ্গণওয়াড়ী সহায়িকা পদের জন্য প্রার্থী হিসাবে আবেদন করছি । নিম্নে আমার সম্পর্কে প্রয়োজনীয় তথ্যসমূহ প্রদত্ত হইল :-

(১) নাম :-

(২) পিতা/স্বামীর নাম/মাতার নাম :-

(৩) পূর্ণ স্থায়ী বসবাসের ঠিকানা :-

(৪) যে **মিউনিসিপালিটি**র স্থায়ী বাসিন্দা তার নাম :-

(৫) যে **ওয়ার্ড** -র স্থায়ী বাসিন্দা তার নাম :-

(৫) জন্ম তারিখ :-

(৬) বয়স ( ১১/০৬/২০১৮ এর নিরিখে ) :-

(৭) শিক্ষাগত যোগ্যতা :-

(৮) জাতি (সাধারন/তপশিলী জাতি/উপজাতি/অন্যান্য অনগ্রসর শ্রেনী) :-

(৯) নাগরিকত্ব

:-

আমি এই মর্মে অঙ্গীকার করিতেছি যে আপনার করণ হইতে প্রকাশিত বিজ্ঞপ্তি নং- **82/ICDS/Bhat- U** তারিখ- **11/06/2018** আমি সম্পূর্ণ পড়িয়া ও অনুধাবন করিয়া সকল শর্তসাপেক্ষে জ্ঞানত এই পদে নিযুক্তির জন্য আবেদন করিতেছি। উপরোক্ত সকল তথ্য **11/06/2018** তারিখের নিরিখে আমার জ্ঞানত সম্পূর্ণ ও সর্বৈব সত্য। কোন ভুল বা অসঙ্গত তথ্য দেওয়ার দায় সম্পূর্ণরূপে আমার ও ইহার জন্য আমার আবেদন পত্র বতিল হইলে বা আমার নিযুক্তি প্রত্যাহৃত হইলে বা অন্যান্য সরকারী আইন মোতাবেক আমার বিরুদ্ধে ব্যবস্থা গৃহীত হইলে আমার কোন আপত্তি থাকিবে না। আমি আমার শিক্ষাগত যোগ্যতা,বাসস্থান সম্পর্কে কোন মিথ্যা তথ্য লিপিবদ্ধ করিনি

তারিখ:-
স্থান :-

বিনীত

দরখাস্তের সহিত দাখিলীকৃত নথিপত্রের তালিকা :

১)
২)
৩)
৪)
৫)

(আবেদনকারিণীর পূর্ণ স্বাক্ষর)

# প্রবেশ পত্র

নিজ নামে
স্বাক্ষরিত এক
কপি পাসপোর্ট
মাপের ছবি

**পশ্চিমবঙ্গ সরকার**
বসিরহাট আরবান সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প
উত্তর ২৪ পরগনা

রেজিষ্টার সিরিয়াল নং ------------

রোল নং- ------------------ পরীক্ষার তারিখ:............................................................ সময়:.............................................................
(অফিসের ব্যবহারের জন্য)

অঙ্গনওয়াড়ী কর্মী / সহায়িকা পদের প্রার্থী হিসাবে আবেদন পত্রের ভিত্তিতে শ্রীমতী ............................................................................................ কে শর্তস্বাপেক্ষে লিখিত পরীক্ষায় অংশ গ্রহণ করার জন্য মনোনীত করা হয়েছে। আপনাকে আগামী .............................. তারিখে এই আসল **প্রবেশ পত্র** নিয়ে ..........................................................................................................পরীক্ষাকেন্দ্রে .......................... টার সময় উপস্থিত হয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে অনুরোধ করা হচ্ছে।

বিশেষ দ্রষ্টব্য : প্রবেশ পত্রে রোল নং ইংরাজী সংখ্যায় লেখা হয়েছে।
প্রার্থীদের সকল ক্ষেত্রেই রোল নং ইংরাজীতে লিখতে অনুরোধ করা হচ্ছে।

শিশু বিকাশ প্রকল্প আধিকারীক
বসিরহাট আরবান সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প
উত্তর ২৪ পরগনা

*** লিখিত পরীক্ষার ক্ষেত্রে শুধুমাত্র আসল প্রবেশ পত্র ও বল পেন (নীল/ কালো কালির )আনিবেন । ক্যালকুলেটর, মোবাইল ফোন অথবা অন্য কোন কাগজপত্র নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করা যাইবে না। লিখিত পরীক্ষায় আসল প্রবেশ পত্র নিজ নিজ ফটো লাগিয়ে আনিবেন, অন্যথায় পরীক্ষায় **অংশগ্রহণ করতে দেওয়া হবে না** । পরীক্ষায় উপস্থিত হইবার জন্য গাড়ী ভাড়া বা রাহা খরচ পাওয়া যাইবে না ।

>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>>


# প্রবেশ পত্র

নিজ নামে
স্বাক্ষরিত এক
কপি পাসপোর্ট
মাপের ছবি

**পশ্চিমবঙ্গ সরকার**
বসিরহাট আরবান সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প
উত্তর ২৪ পরগনা

রেজিষ্টার সিরিয়াল নং ------------

রোল নং- ------------------ পরীক্ষার তারিখ:............................................................ সময়:.............................................................
(অফিসের ব্যবহারের জন্য)

অঙ্গনওয়াড়ী কর্মী / সহায়িকা পদের প্রার্থী হিসাবে আবেদন পত্রের ভিত্তিতে শ্রীমতী ............................................................................................ কে শর্তস্বাপেক্ষে লিখিত পরীক্ষায় অংশ গ্রহণ করার জন্য মনোনীত করা হয়েছে। আপনাকে আগামী .............................. তারিখে এই আসল **প্রবেশ পত্র** নিয়ে ..........................................................................................................পরীক্ষাকেন্দ্রে .......................... টার সময় উপস্থিত হয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে অনুরোধ করা হচ্ছে।

বিশেষ দ্রষ্টব্য : প্রবেশ পত্রে রোল নং ইংরাজী সংখ্যায় লেখা হয়েছে।
প্রার্থীদের সকল ক্ষেত্রেই রোল নং ইংরাজীতে লিখতে অনুরোধ করা হচ্ছে।

শিশু বিকাশ প্রকল্প আধিকারীক
বসিরহাট আরবান সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প
উত্তর ২৪ পরগনা

*** লিখিত পরীক্ষার ক্ষেত্রে শুধুমাত্র আসল প্রবেশ পত্র ও বল পেন (নীল/ কালো কালির )আনিবেন । ক্যালকুলেটর, মোবাইল ফোন অথবা অন্য কোন কাগজপত্র নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করা যাইবে না। লিখিত পরীক্ষায় আসল প্রবেশ পত্র নিজ নিজ ফটো লাগিয়ে আনিবেন, অন্যথায় পরীক্ষায় **অংশগ্রহণ করতে দেওয়া হবে না** । পরীক্ষায় উপস্থিত হইবার জন্য